# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

================================================================

১) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ডিব্রুগড়ে মুখ্যমন্ত্রী সচিবালয় উদ্বোধন। এখন থেকে সাধারণতন্ত্র দিবসে ডিব্রুগড়ের সচিবালয়ে মুখ্যমন্ত্রীর পতাকা উত্তোলনের ঘোষণা।

২) ডিব্রুগড়ের মুখ্যমন্ত্রী সচিবালয় উদ্বোধন সুশাসনের ক্ষেত্রে মাইলফলক, বলে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের মন্তব্য।

৩) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার উপস্থিতিতে আজ ভারতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান গৌহাটি এবং এয়ার বাস ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর।

এবং

৪) রাজ্যের কাছাড় , করিমগঞ্জ সহ ১৯ টি জেলার আয়ুক্তের বদলি।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ ডিব্রুগড়ে মুখ্যমন্ত্রী সচিবালয়ের উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহন ও জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ বেশ কয়েকজন মন্ত্রী বিধায়ক উপস্থিত ছিলেন ।এই সচিবালয় আপার আসামের ডিব্রুগর , তিনসুকিয়া , লখিমপুর , ধেমাজি , শিবসাগর , চরাইদেউ , মাজুলী , যোরহাট ও গোলাঘাট জেলার প্রায় ৭৯ লক্ষ লোকের সংগে প্রশাসনের

সংযোগ বৃদ্ধি করবে এবং রাজ্য ও কেন্দ্রীয় সরকারের প্রকল্প তথা প্রকল্পের ধারাবাহিক নিরীক্ষণ ও স্থানীয় উন্নয়ন ত্বরান্বিত করতে সহায়তা করবে ।এছাড়া আপার আসামের জনসাধারণ দিসপুরে না এসে বিভিন্ন বিষয় ডিব্রুগড় সচিবালয়ে নিষ্পত্তি করতে পারবে ।এই নতুন ব্যবস্থার অধীনে সময়ে সময়ে আপার আসামের বিভিন্ন জেলার সরকারী বিভাগগুলির কাজের পর্যালোচনা করা সহ উন্নয়নমূলক কাজের জন্য অনুষ্ঠান ও সংস্থাগুলির সংগে সমন্বয় স্থাপন সম্ভবপর হয়ে উঠবে ।একইভাবে প্রতিবেশী রাজ্য অরুণাচল প্রদেশ ও নাগাল্যান্ডের সংগে সমন্বয় সম্পর্কীত সভা অনুষ্ঠিত করা সহ জনসাধারণকে সরাসরি মুখ্যমন্ত্রীর কার্যালয়ের প্রশাসনিক সেবা প্রদান করা যাবে ।মুখ্যমন্ত্রী প্রতিমাসে ৪-৫ দিন করে ডিব্রুগড়ের সচিবালয়ে উপস্থিত থাকবেন । উল্লেখ্য রাজধানীর বাইরে থাকা এটি হচ্ছে রাজ্যের প্রথম সচিবালয় । ডিব্রুগড়ের সচিবালয়ে মুখ্যমন্ত্রীর একজন যুগ্ম সচিব , একজন উপ সচিব থাকবেন । অন্যদিকে ডিব্রুগড়ের জেলা আয়ুক্ত মুখ্যমন্ত্রীর সচিবালয়ের অতিরিক্ত সচিব বা যুগ্ম সচিব হিসেবে কার্যনির্বাহ করবেন ।

ডিব্রুগড়ে মুখ্যমন্ত্রী সচিবালয় উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থেকে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল  প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন যে ডিব্রুগড়ে মুখ্যমন্ত্রীর সচিবালয় উদ্বোধন সুশাসনের ক্ষেত্রে মাইলফলক হিসেবে পরিগণিত হবে ।

ডিব্রুগড়ে মুখ্যমন্ত্রী সচিবালয়ের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ১৬ টি করে সিদ্ধান্ত সন্নিবিষ্ট প্রথম নির্দেশনায় সাক্ষর করেন । মুখ্যমন্ত্রীর সাক্ষর করা নির্দেশনা অনুযায়ী এখন থেকে প্রতিবছর ২৬ শে জানুয়ারী সাধারণতন্ত্র দিবসের দিন মুখ্যমন্ত্রী ডিব্রুগড়ের সচিবালয় প্রাংগনে পতাকা উত্তোলন করবেন । একই নির্দেশনায় মুখ্যমন্ত্রী রাজ্যের ১৯ টি জেলা আয়ুক্তের বদলির নির্দেশে ও সাক্ষর করেছেন । মুখ্যমন্ত্রীর সাক্ষর করা অন্য আরেকটি নির্দেশনা অনুযায়ী ১৪ ই সেপ্টেম্বর করম পূজা উপলক্ষে সরকারী বন্ধ ঘোষনা করা হয়েছে । ডিফু চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে ১০ কোটি ৪৮ লক্ষ টাকা ব্যয়ে ২৯ টি পেইন কেবিন নির্মাণের সিদ্ধান্তে মুখ্যমন্ত্রী সাক্ষর  করেছেন ।মুখ্যমন্ত্রীর সাক্ষর করা আরেকটি নির্দেশনায় আদর্শ বিদ্যালয় সংগঠনের  অধ্যক্ষ হিসেবে ড: ননীগোপাল মহন্ত কার্যনির্বাহ করে যাবেন ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে রাজ্যে আগামী দোসরা অক্টোবর থেকে ৩৯ টি উপ জেলা কার্যকর হয়ে উঠবে ।মুখ্যমন্ত্রী গতকাল সাংবাদিকদের একথা জানিয়ে বলেন যে তৃণমূল পর্যায়ে জনসাধারণ কেন্দ্রীক ফলপ্রসু প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । রাজ্য মন্ত্রীসভা আগামী দোসরা অক্টোবর থেকে ৮

অক্টোবর পর্যন্ত প্রথম পর্যায়ে ৩৯ টি উপজেলা কার্যকর করে তোলার বিষয়ে অনুমোদন জানিয়েছে ।এর ফলে বিধানসভা এলাকা ভিত্তিক আয়ুক্তের কার্যালয় স্থাপন করার পথ প্রশস্ত হবে ।

---------------------------------------------------------------------------------------

সাংসদ রকিবুল হুসেন আসাম তথা উত্তরপূর্বের জনসাধারণকে উৎকৃষ্ট মানের রেল পরিষেবা প্রদান করার জন্য উত্তরপূর্ব সীমান্ত রেলওয়েরাধিকারীকদের একটি পৃথক মন্ডল গঠন করার আহ্বান জানান ।উত্তরপূর্ব সীমান্ত রেলের প্রায় ৮ হাজার পদ শূণ্য রয়েছে বলে উল্লেখ করে সাংসদ শ্রী হুসেন এই খালি পদগুলোতে উত্তরপূর্বাঞ্চলের যুবক যুবতিদের নিযুক্তি প্রদান করার দাবী জানান ।আজ ধুবরী জেলা আয়ুক্ত কার্যালয়ে জেলা আয়ুক্ত দিবাকর নাথের উপস্থিতিতে উত্তরপূর্ব সীমান্ত রেলের আধিকারীকদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে অংশগ্রহণ করে শ্রী হুসেন এই আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার উপস্থিতিতে আজ ভারতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান গুয়াহাটী ও এয়ার বাস ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের মধ্যে আনুষ্ঠানিকভাবে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে ।আসামে উন্নত বিমান পরিষেবা ও পরিবহন শিক্ষার উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষর করা হয় ।ভারত সরকারের উড়ান প্রকল্পের অধীনে সমগ্র দেশে উন্নয়ন ও আর্থসামাজিক সংস্কার সাধনের লক্ষ্যে সমান্তরালভাবে এই চুক্তি স্বাক্ষর করা হয় ।এই অংশীদারিত্ব ভবিষ্যতে বিমান পরিবহন ক্ষেত্র সহ বিমান শিল্পকেও নতুন রূপে গড়ে তুলতে সহায়তা করবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।তিনি বলেন যে সম্প্রতি রাজ্যে শিক্ষা ও শিল্প উভয় ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নয়ন পরিলক্ষিত হচ্ছে । আসাম সরকার ও আই আই টি গুয়াহাটীর মধ্যে সহযোগিতা শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব পড়বে বলেও তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের কর্মচারী বিভাগের প্রধান সচিবের জারি করা এক নির্দেশ অনুযায়ি রাজ্যের ১৯ টি জেলার আয়ুক্তকে বদলি করা হয়েছে ।নির্দেশনা অনুযায়ি কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝাঁকে বরপেটায় বদলি করা হয়েছে । অন্যদিকে করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদবকে কাছাড় জেলার আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে ।অন্যদিকে কোকরাঝার জেলার আয়ুক্ত পি কে দ্বিবেদিকে করিমগঞ্জে বদলি করা হয়েছে ।কামরূপ জেলা আয়ুক্ত কীর্তি জলীকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সিগনেচার ও লিও ক্লাব অব সিগনেচারের যৌথ উদ্যোগে গতকাল শিক্ষক দিবসে শিলচরের তিন জন শিক্ষককে সংবর্ধনা জানানো হয়েছে । সংবর্ধনা জানানো তিনজন শিক্ষক হচ্ছেন শিলচর গুরুচরন কলেজের অর্থনীতি বিভাগের প্রাক্তন অধ্যাপক ডক্টর বিভাস রঞ্জন চৌধুরী ,আসাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক ডক্টর দীপেন্দু দাস  এবং আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডক্টর বিশ্বতোষ চৌধুরী ।

------------------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে রোগীর গোপনীয়তা রক্ষার জন্য রাজ্যের স্বাস্থ্য পরিষেবা গ্রহন করা ব্যাক্তিদের ব্যাক্তিগত এবং চিকিৎসার তথ্য রক্ষা করার জন্য একটি নির্দেশনা জারী করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে রোগীর যাবতীয় তথ্য সম্মতি ছাড়া প্রকাশ করা যাবে না । নির্দেশনায় আশা , এ এন এম সহ অন্যান্য স্বাস্থ্য কর্মী ও স্বাস্থ্য আধিকারীকদের কোন রোগীর গোপন তথ্য প্রকাশ্যে না আনতে বলা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ১৪ই সেপ্টেম্বর  জেলা আদালত প্রাঙ্গনে সকাল ৯টা থেকে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে আপস মিমাংসা যোগ্য মামলাগুলির নিষ্পত্তি করার সুযোগ গ্রহন করতে অনুরোধ জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

ধলাইর মাতৃভূমি কাপ প্রাইজমানি নকআউট ফুটবল প্রতিযোগীতার ফাইনাল খেলা আগামী ৮ ই সেপ্টেম্বর অর্থাৎ রবিবার স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে ।ফাইনাল খেলায় জামালপুর এফ সি দল , ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স দলের বিরুদ্ধে খেলবে ।এদিকে মাতৃভূমি ক্লাবের পক্ষ থেকে সীতাংশু দাস জানিয়েছেন ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , সম্মানিত অতিথি হিসেবে  বিধায়ক কৌশিক রাই , দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , শিলচর জেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তারা সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত থাকবেন ।

------------------------------------------------------------------------------------------

আকাশবাণী আইজলের কর্মী ও আধিকারীকদের উদ্যোগে আজ আকাশবাণী কার্য্যলয় প্রাঙ্গনে এক পেড় মা কে নাম কার্য্যসূচীর অধীনে বৃক্ষরোপন করা হয়েছে । আকাশবাণী আইজলের সঞ্চালক ডি আর লালরোপুইয়া বৃক্ষ রোপন করে এই কার্য্যসূচীর সূচনা

করেন । এছাড়াও বৃক্ষ রোপন কার্য্যসূচীতে আইজল দূরদর্শন কেন্দ্রের সংবাদ সেবা বিভাগের সঞ্চালক নামপি বোউ , সহকারী সঞ্চালক জিন জিনঙ্গতে প্রমূখ অংশগ্রহন করেন ।

-----------------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ ধোয়ারবন্দ দক্ষিন টিলার হনুমান মন্দির কমিউনিটি হলে বিভিন্ন দাবীর সর্মথনে এক সভা অনুষ্ঠিত হয়েছে । ধোয়ারবন্দ আঞ্চলিক কমিটির সভাপতি মোহন লাল মালার পৌরহিত্যে আয়োজিত সভায় প্রিপেইড স্মার্ট মিটার বাতিলের দাবী জানিয়ে কমিটির পক্ষে কমল চক্রবর্তী , হিল্লোল ভট্টাচার্য্য , চাম্পালাল দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------